रजिस्ट्री सं डी-221

Registered No. D-221
রেজিষ্ট্রী নং ডি -২২১

Bengali Version

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण
**EXTRAORDINARY**
বিশেষ
भाग VII—खण्ड 1
**PART VII—Section 1**
ভাগ ৭—অনুভাগ ১
प्राधिकार से प्रकाशित
**PUBLISHED BY AUTHORITY**
প্রাধিকারবলে প্রকাশিত

**No. 1] NEW DELHI, THURSDAY, JANUARY 10, 1985/PAUSA 20, 1906**
নং ১] নয়া দিল্লী, বৃহস্পতিবার, ১০ই জানুয়ারি, ১৯৮৫/২০শে পৌষ, ১৯০৬

**Separate paging is given to this Part in order that it may be filed as a separate compilation**

## MINISTRY OF LAW AND JUSTICE
**(Legislative Department)**

New Delhi, 7th November, 1984./16 Kartika, 1906 (SAKA)

The following translation in Bengali of the Official Languages Act, 1963 is hereby published under the authority of the President and shall be deemed to be the authorised translation thereof in Bengali under Clause (a) of Section 2 of the Authorised Translations (Central Laws) Act, 1973 (50 of 1973).

## বিধি ও ন্যায় মন্ত্রক
**(বিধান বিভাগ)**

নয়া দিল্লী, ৭ই নভেম্বর, ১৯৮৪/১৬ই কার্ত্তিক, ১৯০৬ (শক)

সরকারী ভাষা আইন, ১৯৬৩-এর বাংলা অনুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত করা হইতেছে এবং ইহা প্রাধিকৃত অনুবাদ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণের অধীনে প্রাধিকৃত অনুবাদরূপে গণ্য হইবে।

# সরকারী ভাষা আইন, ১৯৬৩

(১৯৬৩-র ১৯)

**সংঘের সরকারী উদ্দেশ্যসমূহের জন্য, সংসদে কার্য পরিচালনার জন্য, কেন্দ্রীয় ও রাজ্য আইনসমূহের জন্য এবং উচ্চ আদালতসমূহে কোন কোন উদ্দেশ্যের জন্য যে ভাষাসমূহ ব্যবহৃত হইতে পারে তৎসম্পর্কে ব্যবস্থা করণার্থ আইন।**

[১০ই মে, ১৯৬৩]

ভারত সাধারণতন্ত্রের চতুর্দশ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

১। (১) এই আইন সরকারী ভাষা আইন, ১৯৬৩ নামে অভিহিত হইতে পারিবে।

(২) ৩ ধারা ২৬শে জানুয়ারি, ১৯৬৫ তারিখে বলবৎ হইবে এবং এই আইনের অবশিষ্ট বিধানসমূহ কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ, নির্দিষ্ট করিতে পারেন সেই তারিখে বলবৎ হইবে এবং এই আইনের ভিন্ন ভিন্ন বিধানসমূহের জন্য ভিন্ন ভিন্ন তারিখ নির্দিষ্ট করা যাইতে পারে।

সংজ্ঞার্থসমূহ।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে,—

(ক) ৩ ধারা সম্পর্কে "নির্দিষ্ট দিন" বলিতে, ২৬শে জানুয়ারি, ১৯৬৫ দিনটি বুঝাইবে এবং এই আইনের অন্য কোন বিধান সম্পর্কে সেই দিন[1] বুঝাইবে যে দিনে ঐ বিধান বলবৎ হইবে;

(খ) "হিন্দী" বলিতে দেবনাগরী লিপিতে হিন্দী বুঝাইবে।

সংঘের সরকারী উদ্দেশ্যসমূহের জন্য ও সংসদে ব্যবহারের জন্য ইংরাজী ভাষা বহাল থাকা।

[2]৩। (১) সংবিধানের প্রারম্ভ হইতে পনর বৎসর সময়সীমা অতিক্রান্ত হওয়া সত্ত্বেও ইংরাজী ভাষা, নির্দিষ্ট দিন হইতে হিন্দীর সহিত অতিরিক্তরূপে, ব্যবহৃত হইতে থাকিবে,—

(ক) সংঘের যেসকল সরকারী উদ্দেশ্যের জন্য ঐ দিনের অব্যবহিত পূর্বে উহা ব্যবহৃত হইতেছিল সেই সকল উদ্দেশ্যের জন্য; এবং

(খ) সংসদে কার্য পরিচালনার জন্যঃ

তবে, যে রাজ্য হিন্দীকে উহার সরকারী ভাষারূপে গ্রহণ করে নাই সেরূপ কোন রাজ্য এবং সংঘের মধ্যে সমাযোজনের প্রয়োজনার্থে ইংরাজী ভাষা ব্যবহৃত হইবেঃ

পরন্তু, যে রাজ্য হিন্দীকে উহার সরকারী ভাষারূপে গ্রহণ করিয়াছে সেরূপ কোন রাজ্য এবং অন্য যে রাজ্য হিন্দীকে উহার সরকারী ভাষা-রূপে গ্রহণ করে নাই সেরূপ কোন রাজ্যের মধ্যে সমাযোজনের প্রয়োজনার্থে যখন হিন্দী ব্যবহৃত হয়, তখন হিন্দীতে ঐরূপ সমাযোজনের সহিত উহার ইংরাজী ভাষায় একটি অনুবাদ দিতে হইবেঃ

অধিকন্তু, এই উপধারার কোন কিছুরই এরূপ অর্থ করা যাইবে না যে উহা, যে রাজ্য হিন্দীকে উহার সরকারী ভাষারূপে গ্রহণ করে নাই

---

[1] ৫(১) ধারা ১০ই জানুয়ারি, ১৯৬৫ তারিখে বলবৎ হয়। দ্রষ্টব্য : প্রজ্ঞাপন নং এস ও ৯৪, তারিখ : ৪-১-১৯৬৫।

৬ ধারা ১৯এ মে, ১৯৬৯ তারিখে বলবৎ হয়। দ্রষ্টব্য : প্রজ্ঞাপন নং এস ও ১৯৪৫, তারিখ : ১৪-৫-১৯৬৯।

৭ ধারা ৭ই মার্চ, ১৯৭০ তারিখে বলবৎ হয়। দ্রষ্টব্য : প্রজ্ঞাপন নং এস ও ৮৪১, তারিখ : ২৬-২-১৯৭০।

৫(২) ধারা ১লা অক্টোবর, ১৯৭৬ তারিখে বলবৎ হয়। দ্রষ্টব্য : প্রজ্ঞাপন নং এস ও ৬৫৫(ঙ), তারিখ : ৫-১০-১৯৭৬।

[2] ১৯৬৮-র ১ নং আইন, ২ ধারা দ্বারা প্রতিস্থাপিত। যথা-সংশোধিত ৩(১) ধারা ২৬শে জানুয়ারি, ১৯৬৫ হইতে বলবৎ হয়।

সেরূপ কোন রাজ্যকে সংঘের সহিত অথবা যে রাজ্য হিন্দীকে উহার সরকারী ভাষারূপে গ্রহণ করিয়াছে সেরূপ কোন রাজ্যের সহিত অথবা চুক্তির দ্বারা অপর কোন রাজ্যের সহিত সমাযোজনের প্রয়োজনার্থে হিন্দী ব্যবহার করিতে নিবারণ করিতেছে ; এবং ঐরূপ কোন ক্ষেত্রে, ঐ রাজ্যের সহিত সমাযোজনের প্রয়োজনার্থে ইংরাজী ভাষা ব্যবহার করা অবশ্যকর্তব্য হইবে না।

(২) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, যেক্ষেত্রে—

(i) কেন্দ্রীয় সরকারের এক ও অপর কোন মন্ত্রক বা বিভাগ বা করণের মধ্যে ;

(ii) কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রক বা বিভাগ বা করণ এবং কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন নিগম বা কোম্পানি বা উহার যেকোন করণের মধ্যে ;

(iii) কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন এক ও অপর নিগম বা কোম্পানি বা উহার এক ও অপর কোন করণের মধ্যে ;

সমাযোজনের প্রয়োজনার্থে হিন্দী অথবা ইংরাজী ভাষা ব্যবহৃত হয়, সেক্ষেত্রে যতদিন পূর্বোক্ত সংশিলষ্ট মন্ত্রক, বিভাগ, করণ, নিগম বা কোম্পানির কর্মিবৃন্দ হিন্দীতে কার্যোপযোগী জ্ঞান অর্জন না করেন, ততদিন ঐরূপ সমাযোজনের ইংরাজী ভাষায়, বা, স্থলবিশেষে, হিন্দীতে একটি অনুবাদও দিতে হইবে।

(৩) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, হিন্দী ও ইংরাজী ভাষা উভয়ই ব্যবহৃত হইবে—

(i) কেন্দ্রীয় সরকার কর্তৃক অথবা উহার কোন মন্ত্রক, বিভাগ বা করণ কর্তৃক অথবা কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন নিগম বা কোম্পানি কর্তৃক অথবা ঐরূপ নিগম বা কোম্পানির কোন করণ কর্তৃক প্রচারিত বা প্রদত্ত সংকল্প, সাধারণ আদেশ, নিয়ম, প্রজ্ঞাপন, প্রশাসনিক বা অন্য প্রতিবেদন বা প্রেস বিজ্ঞপ্তির জন্য ;

(ii) সংসদের কোন সদনের বা সদনদ্বয়ের সমক্ষে স্থাপিত প্রশাসনিক ও অন্য প্রকার প্রতিবেদন ও সরকারী কাগজপত্রের জন্য ;

(iii) কেন্দ্রীয় সরকার বা উহার কোন মন্ত্রক, বিভাগ বা করণ কর্তৃক, অথবা কেন্দ্রীয় সরকারের বা উহার কোন মন্ত্রক, বিভাগ বা করণের পক্ষে অথবা কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন নিগম বা কোম্পানি কর্তৃক অথবা ঐরূপ নিগম বা কোম্পানির কোন করণ কর্তৃক নিষ্পাদিত সংবিদা ও চুক্তির জন্য এবং প্রদত্ত অনুজ্ঞাপত্র, অনুমতিপত্র, নোটিস ও মূল্য-বেদনপত্রের ফরমের জন্য।

(৪) (১) উপধারা বা (২) উপধারা বা (৩) উপধারার বিধানসমূহ ক্ষুণ্ন না করিয়া, কেন্দ্রীয় সরকার, ৮ ধারা অনুযায়ী প্রণীত নিয়মাবলীর দ্বারা, যেকোন মন্ত্রক, বিভাগ, অনুবিভাগ বা করণের কাজকর্ম সমেত সংঘের সরকারী উদ্দেশ্যসমূহের জন্য ব্যবহার্য ভাষা বা ভাষাসমূহের জন্য ব্যবস্থা করিতে পারেন, এবং ঐরূপ নিয়মাবলী প্রণয়ন করিবার সময়ে, সরকারী কার্যের দ্রুত ও দক্ষ নিষ্পত্তি এবং জনসাধারণের স্বার্থের প্রতি যথাযোগ্য বিবেচনা প্রয়োগ করিতে হইবে এবং বিশেষতঃ ঐরূপে প্রণীত নিয়মাবলী ইহা সুনিশ্চিত করিবে যে, যে ব্যক্তিগণ সংঘের কার্যাবলী সম্পর্কে কর্মরত এবং যাঁহাদের হয় হিন্দীতে অথবা ইংরাজী ভাষায় ব্যুৎপত্তি আছে তাঁহারা যেন কার্য-করভাবে কৃত্য করিতে পারেন এবং তাঁহারা যেন তাঁহাদের উভয় ভাষাতেই ব্যুৎপত্তি নাই এই হেতুতে কোন অসুবিধায় না পড়েন।

(৫) (১) উপধারার (ক) প্রকরণের বিধানসমূহ এবং (২) উপধারা, (৩) উপধারা ও (৪) উপধারার বিধানসমূহ সে-পর্যন্ত বলবৎ থাকিবে,

যে-পর্যন্ত না তৎসমূহে উল্লিখিত উদ্দেশ্যসমূহের জন্য ইংরাজী ভাষার ব্যবহার বন্ধ করণার্থ সংকল্পসমূহ সেই সকল রাজ্য কর্তৃক গৃহীত হয় যাহারা হিন্দীকে তাহাদের সরকারী ভাষারূপে গ্রহণ করে নাই এবং যে-পর্যন্ত না সংসদের প্রত্যেক সদন কর্তৃক, পূর্বোক্ত সংকল্পসমূহ বিবেচনা করিবার পর, ঐরূপ বন্ধের জন্য সংকল্প গৃহীত হয়।

সরকারী ভাষা বিষয়ে কমিটি।

৪। (১) যে তারিখে ৩ ধারা বলবৎ হয় সেই তারিখ হইতে দশ বৎসর অবসানের পর, সরকারী ভাষা বিষয়ে একটি কমিটি, রাষ্ট্রপতির পূর্ব-মঞ্জুরি সহ ঐ মর্মে একটি সংকল্প সংসদের কোন এক সদনে উত্থাপিত হইয়া উভয় সদন কর্তৃক গৃহীত হইলে, গঠিত হইবে।

(২) ঐ কমিটি তিরিশজন সদস্য লইয়া গঠিত হইবে, যাঁহাদের মধ্যে কুড়িজন হইবেন লোকসভার সদস্য এবং দশজন হইবেন রাজ্যসভার সদস্য এবং যাঁহারা একক সংক্রমণীয় ভোটের দ্বারা আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতি অনুসারে যথাক্রমে লোকসভার এবং রাজ্যসভার সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন।

(৩) ঐ কমিটির কর্তব্য হইবে সংঘের সরকারী উদ্দেশ্যসমূহের জন্য হিন্দীর ব্যবহারে যে প্রগতি সাধিত হইয়াছে তাহা পুনর্বিলোকন করা এবং তৎসম্পর্কে সুপারিশসমূহ করিয়া রাষ্ট্রপতির নিকট একটি প্রতিবেদন উপ-স্থাপিত করা, এবং রাষ্ট্রপতি ঐ প্রতিবেদন সংসদের প্রত্যেক সদনের সমক্ষে স্থাপিত ও সকল রাজ্য সরকারের নিকট প্রেরিত করাইবেন।

(৪) রাষ্ট্রপতি, (৩) উপধারায় উল্লিখিত প্রতিবেদন এবং তৎসম্পর্কে রাজ্য সরকারসমূহ কোন মতামত অভিব্যক্ত করিয়া থাকিলে তাহা, বিবেচনা করিবার পর, ঐ সমগ্র প্রতিবেদন বা উহার কোন অংশ অনুসারে নির্দেশ-সমূহ প্রচার করিতে পারেনঃ

[১] [তবে, ঐরূপে প্রচারিত নির্দেশসমূহ ৩ ধারার বিধানসমূহের সহিত অসমঞ্জস হইবে না।]

কেন্দ্রীয় আইন ইত্যাদির প্রাধিকৃত হিন্দী অনুবাদ।

৫।[২](১) নির্দিষ্ট দিনে ও তৎপরে রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে সরকারী গেজেটে প্রকাশিত—

(ক) কোন কেন্দ্রীয় আইনের বা রাষ্ট্রপতি কর্তৃক প্রখ্যাপিত কোন অধ্যাদেশের, অথবা

(খ) সংবিধান অনুযায়ী বা কোন কেন্দ্রীয় আইন অনুযায়ী প্রচারিত কোন আদেশ, নিয়ম, প্রনিয়ম বা উপ-বিধির

কোন হিন্দী অনুবাদ হিন্দীতে উহার প্রামাণিক মূল পাঠ বলিয়া গণ্য হইবে।

(২) নির্দিষ্ট দিন হইতে, সংসদের কোনও সদনে যে বিধেয়কসমূহ পুরঃস্থাপিত হইবে ও তৎসংক্রান্ত যে সংশোধনসমূহ উত্থাপিত হইবে, তৎসমূহের ইংরাজী ভাষায় প্রামাণিক মূল পাঠের সহিত উহাদের, এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত হইতে পারে সেরূপে প্রাধিকৃত, একটি হিন্দী অনুবাদ দিতে হইবে।

কোন কোন ক্ষেত্রে রাজ্য আইনসমূহের প্রাধিকৃত হিন্দী অনুবাদ।

৬। যেক্ষেত্রে কোন রাজ্যের বিধানমণ্ডল, ঐ রাজ্যের বিধানমণ্ডল কর্তৃক গৃহীত আইনসমূহে বা ঐ রাজ্যের রাজ্যপাল কর্তৃক প্রখ্যাপিত অধ্যাদেশ-সমূহে ব্যবহারের জন্য, হিন্দী ভিন্ন অন্য কোন ভাষা বিহিত করিয়াছে, সেক্ষেত্রে সংবিধানের ৩৪৮ অনুচ্ছেদের (৩) প্রকরণের আবশ্যকতামত উহাদের ইংরাজী ভাষায় একটি অনুবাদ ছাড়াও, অতিরিক্তরূপে, উহাদের একটি হিন্দী অনুবাদ নির্দিষ্ট দিনে বা তৎপরে ঐ রাজ্যের রাজ্যপালের প্রাধিকারাধীনে ঐ রাজ্যের সরকারী গেজেটে প্রকাশিত হইতে পারে, এবং ঐরূপ কোন ক্ষেত্রে, ঐরূপ কোন আইন বা অধ্যাদেশের হিন্দীতে ঐ অনুবাদ হিন্দী ভাষায় উহার প্রামাণিক মূল পাঠ বলিয়া গণ্য হইবে।

---

১ ১৯৬৮-র ১নং আইন, ৩ ধারা দ্বারা সন্নিবেশিত।

২ ১০ই জানুয়ারি, ১৯৬৫। দ্রষ্টব্য: প্রজ্ঞাপন নং এস ও ৯৪. তারিখ: ৪-১-১৯৬৫।

৭। নির্দিষ্ট দিন হইতে বা তদনন্তর যেকোন দিন হইতে, কোন রাজ্যের রাজ্যপাল, রাষ্ট্রপতির পূর্ব-সম্মতি সহ, ঐ রাজ্যের উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত বা কৃত কোন রায়, ডিক্রী বা আদেশের উদ্দেশ্যসমূহের জন্য, ইংরাজী ভাষার সহিত অতিরিক্তরূপে, হিন্দী অথবা ঐ রাজ্যের সরকারী ভাষার ব্যবহার প্রাধিকৃত করিতে পারেন এবং যেক্ষেত্রে কোন রায়, ডিক্রী বা আদেশ (ইংরাজী ভাষা ভিন্ন) ঐরূপ কোন ভাষায় প্রদত্ত বা কৃত হয়, সেক্ষেত্রে উহার সহিত উহার ইংরাজী ভাষায় ঐ উচ্চ আদালতের প্রাধিকারাধীনে প্রচারিত একটি অনুবাদ দিতে হইবে। উচ্চ আদালতসমূহের রায় ইত্যাদিতে হিন্দী বা অন্য সরকারী ভাষার ঐচ্ছিক ব্যবহার।

৮। (১) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য সাধনের জন্য নিয়মাবলী প্রণয়ন করিতে পারেন। নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

(২) এই ধারা অনুযায়ী প্রত্যেক নিয়ম, উহা প্রণীত হইবার পর যথা-সম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকা কালে, সর্বমোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্রের বা আনুক্রমিক দুই সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে; এবং যে সত্রে উহা ঐরূপে স্থাপিত হয় সেই সত্রের বা উহার অব্যবহিত পরবর্তী সত্রের অব-সানের পূর্বে যদি উভয় সদন ঐ নিয়মের কোন সংপরিবর্তন করিতে সম্মত হন, অথবা উভয় সদন সম্মত হন যে ঐ নিয়ম প্রণয়ন করা উচিত নহে, তাহা হইলে, তৎপরে ঐ নিয়ম কেবল ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা, স্থলবিশেষে, আদৌ কার্যকর হইবে না, তবে এমনভাবে যে, ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ পূর্বে ঐ নিয়ম অনুযায়ী কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

৯। ৬ ধারার এবং ৭ ধারার বিধানসমূহ জম্মু ও কাশ্মীর রাজ্যের ক্ষেত্রে প্রযুক্ত হইবে না। জম্মু ও কাশ্মীরের ক্ষেত্রে কোন কোন বিধান প্রযুক্ত হইবে না।

---

The above translation in Bengali of the Official Languages Act, 1963 (19 of 1963) has been authorised by the President to be published in the Official Gazette under Clause (a) of Section 2 of the Authorised Translations (Central Laws) Act, 1973.

রা. ভেঙ্কটসূর্য পেরিশাস্ত্রী
সচিব, ভারত সরকার
R. V. S. Peri Sastri,
Secretary to the Government of India.

পবসমু-৮৫/৮৬-৮৫১এফ-২০০০ হা